দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 OCT 2016
পৃষ্ঠা ২০ কলাম ৫

# ভুয়া প্রশ্ন তিন লাখ টাকায়ও বিক্রি হয়েছে

--------------- শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রশ্ন ফাঁস করার কিছু পেশাদার লোক আছে, তারা দীর্ঘদিন ধরে এ কাজ করে আসছে। ভর্তি পরীক্ষার ভুয়া প্রশ্ন সর্বোচ্চ তিন লাখ টাকায় বিক্রি হয়েছে বলেও তিনি জানান। গতকাল বুধবার সচিবালয়ে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আয়োজিত সভা শেষে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন।

মন্ত্রী বলেন, যারা ভুয়া প্রশ্ন বিক্রি করে, তাদের সবাইকে নজরদারির মধ্যে রাখা হয়েছে। আসল প্রশ্ন যেহেতু বের করতে পারে না, তাই নকল প্রশ্ন বের করছে। কোচিং সেন্টারগুলোতেও নজরদারি করা হচ্ছে।

তিনি বলেন, শিক্ষক বা অন্য যে কেউ যাঁরা প্রশ্ন ফাঁস করেন তারাও আইন-শৃঙ্খলা বাহিনীর নজরদারিতে রয়েছেন। তারা কেউই রেহাই পাবেন না। আইসিটি আইন ও পাবলিক পরীক্ষা আইনের কঠোর প্রয়োগ করা হবে।